শরৎচন্দ্রের শ্রেষ্ঠ উপন্যাসগুলির মধ্যে 'শ্রীকান্ত' (চারপর্ব) অন্যতম। এটি শরৎচন্দ্রের আত্মজীবনীমূলক উপন্যাস হিসাবে চিহ্নিত। মোহিতলাল মজুমদার তাঁর 'শ্রীকান্তের শরৎচন্দ্র' প্রবন্ধে বলেছেন- 'শ্রীকান্ত শরৎচন্দ্রের সেই আত্মকাহিনী, উহা কেবল উপন্যাস-ই নহে। এই রূপ আত্মকাহিনীও উপন্যাস হইয়া ওঠে, তার কারণ, ইহার নায়ক একাধারে 'আত্ম' ও বটে, 'পর' বটে।' শ্রীকান্তের সঙ্গে ইন্দ্রনাথ-অন্নদাদিদির সম্বন্ধ, রাজলক্ষ্মী-অভয়া-কমললতার সম্পর্ক ও প্রেমসম্পর্কের টানা-পোড়েন এখানে চিত্রিত। নির্ভীক ইন্দ্রনাথের মনুষ্যত্ববোধে প্রভাবিত শ্রীকান্ত ইন্দ্রনাথের জন্য অন্নদাদিদিকে আবিষ্কার করতে পেরেছিল। নারীর প্রতি তার সম্মান ও শ্রদ্ধার ভাব গড়ে উঠেছিল। অন্নদার প্রভাবেই রাজলক্ষ্মী সম্পর্কে তার মনোভাবের ও পরিবর্তন ঘটে। তাই তার উপলব্ধি- সংসারে নারীর পদস্খলন ঘটে থাকে, তবুও তাদের নারীত্ব কোন অবস্থাতেই কলুষিত হয় না। শ্রীকান্ত এবং রাজলক্ষ্মী শরৎচন্দ্রের লেখনীতে এক অনবদ্য সৃষ্টি।

শরৎচন্দ্র তাঁর 'দেবদাস' উপন্যাসে বাল্যপ্রণয়ের ট্রাজেডির দিকটি অঙ্কন করেছেন। দেবদাস-পার্বতীর বাল্যপ্রণয় ও ব্যর্থতা, হতাশাগ্রস্থ দেবদাসের চন্দ্রমুখী নাম্নী গণিকার স্নেহ ভালোবাসা লাভ এই উপন্যাসের বিষয়। 'চরিত্রহীন' উপন্যাসে শরৎচন্দ্র তথাকথিত কুলটা ও পতিতাদের মধ্যে সতীসাধ্বী রমনীর প্রেমকে উপস্থাপিত করতে চেয়েছেন। 'দত্তা' তাঁর বিশুদ্ধ প্রেমের মনস্তাত্ত্বিক উপন্যাস। 'গৃহদাহ' শরৎচন্দ্রের ~~দাম্পত্য জীবন সমস্যার উপন্যাস।~~ নিজে লেখক স্বীকার করেছেন- 'ওটাই আমার Best বই। ওটা লিখতে আমার সবচেয়ে বড় শক্তি ব্যয় হয়েছিল বলে আমার বিশ্বাস।' অচলার দোলাচলতা, মহিমের সাংসারিক অনভিজ্ঞতা, সুরেশের অসংযম এই উপন্যাসে ত্রিকোণ প্রেমের চিত্র অঙ্কন করে ফেলেছিল। কৌলিন্য প্রথার উপর ভিত্তি করে শরৎচন্দ্র রচনা করেছেন 'বামুনের মেয়ে'। 'দেনাপাওনা' অত্যাচারী জমিদারের শাসন-শোষনের এক নির্মম চিত্র। 'নববিধান' পাশ্চাত্য সভ্যতার অন্তঃসারশূন্যতার চিত্র। 'পথের দাবী' শরৎচন্দ্রের অকৃত্রিম দেশপ্রীতির নিদর্শন। পরাধীনতার মানসসংকট ও বিপ্লববাদ এখানে প্রস্ফুট। 'বিপ্রদাস' উপন্যাসখানি পারিবারিক আচারনিষ্ঠা ও প্রেমের বিরোধের কাহিনী। 'শুভদা' 'শেষের পরিচয়' লেখকের অসম্পূর্ন উপন্যাস। প্রথমটিতে গ্রামীন সমাজের অবক্ষয়চিত্র ও অন্যটিতে চরিত্রস্খলনের পরও নারীর সহজ সরল রূপের পরিচয় বিবৃত।

এভাবে দুএক কথায় শরৎচন্দ্রের উপন্যাস প্রতিভা আলোচনা করা সম্ভব নয়। আদর্শবাদিতা ও অতিরিক্ত ভাবোচ্ছ্বাস, অতিকথন, মুদ্রাদোষ, ভাষাশৈথিল্য তাঁর ত্রুটি হিসাবে ধরা হলেও বিষয় নির্বাচনে ও গল্পবিন্যাসে তিনি অনন্যসাধারন। তাই তাঁর জনপ্রিয়তা আজ নিঃসন্দেহে শীর্ষদেশে অবস্থিত।

Scanned by CamScanner